

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৪৫

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা ও বেদে আল্লাহ

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - হাশর

الفصلُ الثِّنْفُ (بَابُ الْحَشْرِ)

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا مِنْ أَحَدٍ يَمُوتُ إِلَّا نَدِمَ» . قَالُوا: وَمَا نَدَمَتُهُ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: «إِنْ كَانَ مُحْسِنًا نَدِمَ أَنْ لَا يَكُونَ ازْدَادَ وَإِنْ كَانَ مُسِيءًّا نَدِمَ أَنْ لَا يَكُونَ نَزْعًا» . رَوَاهُ التَّرْمِذِيُّ

اسناده ضعيف جدا ، رواه الترمذى (2403) * يحيى بن عبيد الله : متروك (تقدمن :

- (5323

(ضَعِيفٌ)

বাংলা

৫৫৪৫-[১৪] উক্ত রাবী [আবু হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যে কোন ব্যক্তি মৃত্যুবরণ করে সে লজ্জিত ও অনুত্পন্ন হয়। সাহারীগণ প্রশ্ন করলেন, হে আল্লাহর রাসূল! সেই অনুশোচনার কারণ কী? তিনি বললেন, যদি সে তালো হয়, তখন এজন্য অনুত্পন্ন হয় যে, কেন সে আরো অধিক পুণ্যের কাজ করেনি। আর যদি খারাপ হয়, তখন এজন্য লজ্জিত হয় যে, কেন সে নিজেকে মন্দ কাজ থেকে বিরত রাখেনি। (তিরমিয়ী)

ফুটনোট

খুবই যাইফ: তিরমিয়ী ২৪০৩, সহীহ আত তারগীব ওয়াত তারহীব ১৯৬০, যাইফুল জামি ৫১৪৬, ইয়াহইয়া ইবনু 'উবায়দুল্লাহ যাইফ।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (نَدِّ لَيْلٍ) এর অর্থ আফসোস করা বা আক্ষেপ করা, অনুত্ত হওয়া। অতএব প্রত্যেকের উচিত মৃত্যুর পূর্বে জীবনকে গনীমতরূপে গ্রহণ করা এবং মরণ আসার আগেই ভালো কাজের প্রতিযোগিতা করা। সাহাবীগণের প্রশ্ন (عُمَرَ بْنَ دَمْبَلَةَ) তাদের আফসোসের কারণ কী? আর তা হলো যদি সে সৎকর্মশীল হয় তাহলে সে দুঃখিত হয়ে বলবে, কেন যে তার ভালো ‘আমালকে বাড়ায়নি। আর যদি সে মন্দ ব্যক্তি হয় তাহলে সে দুঃখ করে বলবে, কেন যে গুনাহ পরিত্যাগ করেনি এবং নিজকে পাপকাজে জড়ানো থেকে বিরত রাখেনি। যদি সে গুনাহ ছেড়ে দিত ও মন্দ কাজে জড়ানো থেকে মুক্ত থাকত এবং তাওবাহ করে ভালো হয়ে। যেত! (তুহফাতুল আহওয়ায়ী ৫ম খণ্ড, হা. ২৪০৩)।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85523>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন